শিশুদের জন্য বাইবেল

নিবেদন করছে

যিরমিয়, কান্নার মানুষ

লেখক: Edward Hughes

চিত্রাংকন: Jonathan Hay

অভিযোজন: Mary-Anne S.

অনুবাদক: Manab Biswas

প্রযোজনায়: শিশুদের জন্য বাইবেল
www.M1914.org

©2017 Bible for Children, Inc
স্বত্তাধিকার: গল্পটির অনুলিপি বা প্রিন্ট ব্যবহার করা যাবে তবে বিক্রয় করা যাবেনা।

যিহূদা রাজ্যে একটি ধনী পরিবারে যিরমিয় জন্মগ্রহণ করেন। তার পিতা হিল্কীয় একজন পুরোহিত ছিলেন। তার পরিবার অনাথোৎ নামে একটি শহরে বাস করত, যেটা জেরুশালেম থেকে দূরে ছিল না।



হয়তো যিরমিয়ের পিতা ভেবেছিল যে, সেও একজন পুরোহিত হবেন, কিন্তু ঈশ্বরের পরিকল্পনা ছিল অন্যরকম।



যিরমিয়ের জন্মের সময়, ঈশ্বরের লোকরা ঈশ্বরের বাক্য অনুযায়ী চলত না।

সকলেই, এমনকি রাজা থেকে কর্মচারী সকলেই মিথ্যা দেবতার উপাসনা করত, এমনকি ঈশ্বরের পবিত্র মন্দিরে।

যিরমিয়
যখন
যুবক ছিল,
তখন ঈশ্বর
তার সাথে
কথা বলেছিলেন।
ঈশ্বর যিরমিয়কে বললেন, ...

...
“তোমার জন্মাবার আগে থেকে আমি তোমাকে জানি এবং আমার পরিকল্পনা অনুসারে তুমি আমার জন্য কথা বলবে”।

ঈশ্বরের ডাক বোধহয় যিরমিয়কে ভীত করে দিয়েছিল। সে চিৎকার করে উঠল, "হে প্রভু ঈশ্বর, আমি কথা বলতে পারব না, কারণ আমি একজন শিশু"।





সত্যিই সে এক ছোট ছেলে ছিল - তার বয়স মাত্র কুড়ি বছর ছিল। কিন্তু যিরমিয় ভাবতে পারেনি যে, সে তার চারিদিকের দুষ্ট লোকদের কাছে ঈশ্বরের কতা বলবে।



ঈশ্বর যিরমিয়কে নিশ্চিত করলেন, “ভয় পেও না, আমি তোমাকে যেখানে পাঠাই, সেখানে যাও। আমি তোমাকে যা বলতে বলি, তা বল।

আমি তোমার সাথে আছি। আমি তোমাকে রক্ষা করব”। তারপর ঈশ্বর যিরমিয়ের জন্য এক বিশেষ কাজ করলেন। ঈশ্বর যিরমিয় মুখ স্পর্শ করলেন।

ঈশ্বর যিরমিয়কে শক্তি, সাহস ও জ্ঞান দিলেন।

সে সাহসের সাথে লোকদের বলতে লাগল, স্মরণ করিয়ে দিতে লাগল যে, ঈশ্বর তাদের ভালোবাসেন ও তাদের সাহায্য করতে চান। কিন্তু কেউ তার কথা শুনল না, এমনকি রাজাও নয়।

এমনকি পুরোহিত তার উপর রাগ করেছিলেন ও তাকে ঈশ্বরের বিষয়ে বলতে বারণ করেছিল।

সেখানে তখন ভণ্ড ভাববাদীরাও ছিল,
তারা বলল, যিরমিয় সত্য কথা বলছে না।



যিরমিয় তাদের স্মরণ করিয়ে দিলেন যে, একশো বছর আগে ইস্রায়েলের উত্তর রাজ্যকে ঈশ্বর পরিত্যাগ করেছিলেন। তাদের শত্রু অশূরীয়রা তাদের পরাজিত করেছিল ও সমস্ত ইস্রায়েলীয়দের দূর দেশে নিয়ে গিয়েছিল।



এখন দক্ষিণ রাজ্য যিহূদার লোকেরা ঈশ্বরকে পরিত্যাগ করেছে।

শত্রু সৈন্যদের পদধ্বনি শোনা যাচ্ছে, ঈশ্বর কি তাদের জয়ী হতে সাহায্য করবেন, নাকি তাদের নির্বাসিত করবেন?

লোকেরা তাদের প্রতিমার উপর বিশ্বাস করেছিল। এই প্রতিমা কি তাদের শত্রুর হাত থেকে বাঁচাতে পারবে? না! একমাত্র ঈশ্বর তাদের রক্ষা করতে পারেন।

লোকেরা যিরমিয়ের উপরে এত রেগে গেল যে, তারা তাকে হত্যা করার চক্রান্ত করল, কিন্তু ঈশ্বর তার সেবককে রক্ষা করলেন।

পরিশেষে, ঈশ্বর কিছু বললেন, যা যিরমিয়কে অবাক করে দিল। ঈশ্বর বললেন, “এই লোকদের জন্য প্রার্থনা কোরো না, এরা যখন সাহায্যের জন্য কাঁদবে, আমি তাদের সাহায্য করব না”।

যিরমিয় রাজাকে সতর্ক করে দিল যে, ব্যাবিলনের সৈন্যদের সাথে যুদ্ধে তিনি হারাবেন। রাজা রেগে গিয়ে যিরমিয়কে কারাগারে পুরে দিলেন।



কিন্তু কারাগারে যিরমিয় ঈশ্বরকে বিশ্বাস করত ও তাঁর প্রচার করত।



কারাগার থেকে
বার হয়ে যিরমিয়
আবার রাজার ও
লোকদের কাছে
প্রচার করতে
লাগল, ...



... যাতে তারা ঈশ্বরের উপর বিশ্বাস করে। এইসময় রাজা যিরমিয়কে মাটির তলার অন্ধকার কারাগারে পুরে দিলেন।

কিন্তু ঈশ্বর, রাজার হৃদয়ে কাজ করছিলেন।



তিনি গোপনে যিরমিয়কে উদ্ধার করলেন এবং জিজ্ঞাসা করে জানলেন ঈশ্বর তাকে দিয়ে কী
করাতে
চান।



উত্তর ছিল, “ঈশ্বর বলেছেন, নির্বাসনে যাও, তাহলে তুমি বাঁচবে”।



ব্যাবিলনের সৈন্যরা জেরুশালেম ও সমস্ত যিহূদা দখল করে নিল। তারা সমস্ত ইমারত ও দেওয়াল ভেঙ্গে

ফেলল ও পুড়িয়ে দিল।

ঈশ্বর তার লোকদেরকে ৭০ বছরের জন্য নির্বাসনে যাওয়ার কথা বলেছিলেন। তারপর তিনি তাদের প্রতিজ্ঞার দেশে নিয়ে আসবেন।

যিরমিয়, কান্নার মানুষ

ঈশ্বরের বাক্য থেকে বাইবেলের গল্প, বাইবেল,

যেখানে পাওয়া যায়

যিরমিয়

"তোমার বাক্য প্রকাশিত হলে তা আলো দান করে।"
গীতসংহিতা ১১৯:১৩০

সমাপ্ত

বাইবেলের এই গল্প মহান ঈশ্বর সম্পর্কে আমাদের শিক্ষা দেয় যিনি আমাদের নির্মান করেছেন এবং তিনি চান যেন আপনি তাঁর সম্পর্কে জানেন।

ঈশ্বর জানেন আমরা মন্দ কাজ করেছি, যাকে তিনি পাপ বলেন। পাপের শাস্ড়ি হচ্ছে মৃত্যু, কিন্তু ঈশ্বর আমাদের এতই ভাল বাসলেন যে তিনি তাঁর একমাত্র পুত্র যীশুকে পাঠালেন যেন আমাদের পাপের শাস্ড়িস্বরূপ তিনি ক্রুশে মৃত্যুবরন করেন। এর পর যীশু মৃত্যু থেকে জীবিত হলেন এবং স্বর্গে চলে গেলেন। যদি আপনি যীশুকে কিশ্বাস করেন এবং আপনার পাপের জন্য তাঁর কাছে ক্ষমা চান, তাহলে তিনি ক্ষমা করবেন। তিনি আসবেন এবং আপনার অন্ড়্রে বাস করবেন, এবং আপনিও তাঁর সংগে অনন্ড়কাল ধরে থাকবেন।

আপনি যদি এই সত্যকে বিশ্বাস করেন, তাহলে ঈশ্বরের উদ্দেশ্যে এই কথাগুলো বলুন:

প্রিয় যীশু, আমি বিশ্বাস করি যে তুমি আমার প্রভু, এবং আমার পাপের জন্য তুমি মানুষ হয়ে জন্মেছিলে, আর এখন তুমি আবার জীবিত হয়ে উঠেছো। দয়াকরে আমার জীবনে এসো এবং আমার পাপ ক্ষমা করো, যাতে আমি নতুন জীবন পেতে পারি, এবং তোমার সংগে যেন অনন্তকাল ধরে থাকতে পারি। আমাকে সাহায্য কর যেন তোমার সন্তান হিসাবে তোমার বাধ্য থাকতে পারি এবং তোমার জন্য বেঁচে থাকতে পারি। আমেন।

বাইবেল পড়ুন এবং প্রতিদিন ঈশ্বরের সংগে কথা বলুন!

যোহন ৩:১৬